

নকলমুক্ত পরিবেশে মুন্সীগঞ্জে এইচএসসি পরীক্ষা চলছে

মুন্সীগঞ্জ জেলা সংবাদদাতা : মুন্সীগঞ্জ জেলার ৬টি উপজেলার ১১টি কেন্দ্রে চলতি এইচএসসি পরীক্ষা সম্পূর্ণ নকলমুক্ত সূত্রে পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে। নকলমুক্ত সূত্রে পরিবেশে পরীক্ষা পরিচালনার জন্য জেলা প্রশাসন ব্যাপক প্রত্নতি নেয়। প্রত্যেকটি কেন্দ্রে নিয়োজিত করা হয় ম্যাজিস্ট্রেট এবং পর্যাপ্তসংখ্যক পুলিশ। কোন কোন কেন্দ্রে নিয়োজিত রয়েছেন উপজেলা নির্বাহী কর্মকর্তারা। প্রত্যেকটি কেন্দ্রে ১৪৪ ধারা জারি করে পর্যাপ্তসংখ্যক আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী নিয়োজিত থাকায় কেন্দ্রের চারপাশে বহিরাগত এবং অভিভাবকদের ভিড় দেখা যাচ্ছে না। কক্ষে কর্তব্যরত শিক্ষকগণ দায়িত্ব পালন করছেন নিষ্ঠার সাথে। পরীক্ষা কেন্দ্রে রাজনৈতিক দলের নেতা-কর্মী এবং স্থানীয় প্রভাবশালী ব্যক্তিদের প্রবেশ নিষিদ্ধ করা হয়। স্থানীয় সংসদ সদস্য সাবেক উপমন্ত্রী আব্দুল হাই এক সভায় বিএনপির কোন নেতা-কর্মী যাতে কেন্দ্রে প্রবেশ করতে না পারে তার জন্য কঠোর নির্দেশ দেন। কেন্দ্রে রাজনৈতিক নেতা-কর্মী এবং স্থানীয় সরকারী দলীয় প্রভাবশালী ব্যক্তিদের প্রবেশ নিষিদ্ধ থাকায় এ বছর কেন্দ্রগুলোতে সূত্র পরিবেশ বজায় রয়েছে। পরীক্ষার্থীরা নকল করা থেকে বিরত থাকায় এবং বাহির হতে কোন নকল কক্ষে প্রবেশ না করতে পরিস্থিতির উন্নতি হয়। জেলা সদর হতে ৮/১০ কিলোমিটার দূরবর্তী রামপাল কলেজ কেন্দ্রে গিয়ে দেখা যায়, কলেজের চতুর্দিকে পুলিশ প্রহরায় রয়েছে। কেন্দ্রের ভিতরে রয়েছেন একজন ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট। বিশাল হলরুমে ছাত্র/ছাত্রীরা পরীক্ষা দিচ্ছে অথচ কোন শব্দ নেই। বোর্ড থেকে ২ জন সেকশন অফিসার পদমর্যাদার কর্মকর্তা এসে পরীক্ষা পর্যবেক্ষণ করছেন।